দৈনিক সংবাদ

তারিখ 25 MAY 1988
পৃষ্ঠা ১ কলাম ১

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# নথিসমূহের দ্রুত নিষ্পত্তির নির্দেশ

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের কঠোরভাবে নিয়মানুবর্তিতা মেনে চলার আহ্বান জানিয়েছেন।

মন্ত্রী গতকাল বুধবার সকালে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে মন্ত্রণালয়ের সর্বস্তরের কর্মকর্তাদের এক সভায় ভাষণ দিচ্ছিলেন। তিনি বলেন, প্রত্যেক কর্মকর্তাকে দ্রুত নথিসমূহ নিষ্পত্তি করতে হবে, যাতে তদবিরের প্রয়োজন না হয়। তিনি আরো বলেন, অধিদপ্তরসমূহকে প্রদত্ত ক্ষমতা যাতে তারা সঠিকভাবে প্রয়োগ করে সেদিকে লক্ষ্য রাখতে হবে। তিনি ব্যক্তিগত কাজের চেয়ে সরকারী ও বৃহত্তর জনগণের স্বার্থ

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## থিসমূহের নিষ্পত্তির নির্দেশ

( য পাতার পর)

সংশ্লিষ্ট নথিসমূহ অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তির নির্দেশ প্রদান করেন।

সভায় এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, উপ-সচিবের নিম্নপর্যায়ের কোন কর্মকর্তা অফিস চলাকালীন সময়ে কোন দর্শনার্থীকে সাক্ষাৎকার প্রদান করতে পারবেন না। উপ-সচিব এবং তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ কেবল বেলা ১২টার পর থেকে দর্শনার্থীদের সাক্ষাৎকার দিতে পারবেন। সভায় নথিসমূহকে শ্রেণী বিন্যাস করে এবং অযোগ্য নথিগুলি অবিলম্বে পুড়িয়ে ফেলার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, মন্ত্রণালয়ের অধীনস্থ অন্যান্য অধিদপ্তর, পরিদপ্তর ও বোর্ডসমূহকে তাদের উপর অর্পিত ক্ষমতা সঠিকভাবে পালন করতে হবে এবং এগুলির ব্যাপারে মন্ত্রণালয়ের উপর কোন দায়িত্ব স্থানান্তর করা যাবে না। যদি কোন বিষয় সিদ্ধান্তের জন্য মন্ত্রণালয়ে পাঠাতে হয় তবে সেক্ষেত্রে এগুলি সুনির্দিষ্ট প্রস্তাবাকারে পাঠাতে হবে এবং ঐ প্রস্তাবের সপক্ষে প্রয়োজনীয় বক্তব্য থাকতে হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আতাউল হকও সভায় বক্তব্য রাখেন। খবর তথ্য বিবরণীর।